সরকারি চাকরিতে কোটা সংস্কারের দাবিতে আন্দোলনকারী শিক্ষার্থীদের ওপর ছাত্রলীগের হামলা ও শিক্ষক লাঞ্ছনার ঘটনায় জড়িতদের বিচার দাবিতে মানববন্ধন করেছে ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) শিক্ষার্থীরা। গতকাল সব ক্যাম্পাসে ছাত্র-শিক্ষকদের ওপর হামলা, হামলাকারীদের শনাক্ত করে বিচার, গ্রেফতারকৃত ছাত্রদের মুক্তি এবং ক্যাম্পাসের সার্বিক নিরাপত্তা নিশ্চিতের দাবিতে ঢাবির সব বিভাগ সম্মিলিতভাবে কেন্দ্রীয় শহীদ মিনারে মানববন্ধনের আয়োজন করে। এদিকে কোটা সংস্কার আন্দোলনকারী ও ঢাবির ইতিহাস বিভাগের ছাত্র তানজির হোসেনকে মারধরের ঘটনার প্রতিবাদ জানিয়ে মানববন্ধন করেছে বিভাগটির শিক্ষার্থীরা। অন্যদিকে, কোটা সংস্কার আন্দোলনকারী শিক্ষার্থীদের ওপর হামলা, গ্রেফতার, রিমান্ডের নামে নির্যাতন, হামলার প্রতিবাদ জানাতে গিয়ে শিক্ষক লাঞ্ছনা এবং শিক্ষার্থীদের ওপর পুনরায় হামলার প্রতিবাদে ক্লাস-পরীক্ষা বর্জন অব্যাহত রেখেছেন বিশ্ববিদ্যালয়ের একাধিক বিভাগের শিক্ষার্থীরা।

মানববন্ধনে ঢাবির অর্থনীতি বিভাগের সহকারী অধ্যাপক ড. রুশাদ ফরিদী বলেছেন, কোটা সংস্কার আন্দোলনকারীদের ওপর হামলা করতে বিশ্ববিদ্যালয়

রাজশাহীতে বোমা হামলা সিলেটে সভায় হামলা

## সিটি নির্বাচনে ভোটারদের উদ্বেগ-উৎকণ্ঠা

রাজশাহী, বরিশাল ও সিলেট সিটি করপোরেশনে মেয়র-কাউন্সিলর পদে আগামী ৩০ জুলাই একযোগে ভোটের আয়োজন করেছে নির্বাচন কমিশন (ইসি)। কমিশনের

রোহিঙ্গা বিতাড়ন

## মায়ানমারের বিরুদ্ধে আইসিসির রুলিং চায় বাংলাদেশ



রোহিঙ্গাদের বলপূর্বক বাংলাদেশে অনুপ্রবেশ করানোর কারণে মায়ানমারের বিরুদ্ধে ইন্টান্যাশনাল ক্রিমিনাল কোর্ট (আইসিসি) এর কাছে রুলিং চেয়েছে

## এইচএসসি’র ফল প্রকাশ আজ



এইচএসসি ও সমমানের পরীক্ষার ফল প্রকাশ হচ্ছে আজ। রেওয়াজ অনুযায়ী, সকাল ১০টায় শিক্ষা বোর্ডগুলোর চেয়ারম্যানদের সঙ্গে নিয়ে শিক্ষামন্ত্রী

বরিশাল

প্রশাসন ছাত্রলীগকে সুযোগ করে দিচ্ছে। তারা যদি হামলাকারীদের চিহ্নিত করে বিচারের আওতায় আনে, তবে ছাত্রলীগের এসব সন্ত্রাসী কর্মকা-বন্ধ হয়ে যাবে।

ড. রুশাদ ফরিদী বলেন, বিশ্ববিদ্যালয়ের সাধারণ শিক্ষার্থীদের সমাবেশে ছাত্রলীগের হামলায় ত্রাসের রাজত্ব কায়েম হয়েছে। সাধারণ কোন বিষয় নিয়ে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে এর আগেও আন্দোলন হয়েছিল। তবে সম্প্রতি কেন্দ্রীয় শহীদ মিনারের মতো পবিত্র জায়গায়ও শিক্ষার্থীদের ওপর হামলা চালানো হয়েছে। তিনি বলেন, আমাদের ছাত্ররা প্রতিবাদ করতে পারে, এটা শহীদ মিনারে তাদের সরব উপস্থিতিই প্রমাণ করে। তারা ত্রাসের রাজত্বের অবসান চায়। তিনি বলেন, বিশ্ববিদ্যালয়ে ৩০ হাজারেরও অধিক শিক্ষার্থী আছে। তাদের ১ শতাংশও যদি প্রতিবাদ করে তবে ত্রাসের রাজত্ব খড়কুটোর মতো উড়ে যাবে। তিনি বলেন, বিশ্ববিদ্যালয়ের প্রথম বর্ষের শিক্ষার্থীদের গণরুমে যে টর্চার করা হয়, এর মধ্য দিয়ে তারা ভবিষ্যতে ছাত্রলীগের বড় ক্যাডারে পরিণত হয়। এদের আশ্রয় দিচ্ছে কারা, তাদের খুঁজে বের করতে হবে।

মানববন্ধনে শিক্ষার্থীরা বলেন, কোটা সংস্কার আন্দোলনের যৌক্তিক দাবিতে সাধারণ শিক্ষার্থীদের ওপর ছাত্রলীগ

## বিএনপির মেয়রপ্রার্থী সরোয়ারের ২৮ দফা ইশতেহার

নির্বাচনী প্রচারে এসে হামলার শিকার আ'লীগ নেতা

জলাবদ্ধতা দূরীকরণে নগরীর ভেতর দিয়ে বয়ে যাওয়া খালগুলো পুনর্খনন, পয়ঃনিষ্কাশনে উন্নত ড্রেনেজ ব্যবস্থা এবং শহর রক্ষা বাঁধ নির্মাণকে

---

ডিসি সম্মেলন ২৪ জুলাই শুরু

## থাকবে নানা নির্দেশনা

এবারের জেলা প্রশাসক (ডিসি) সম্মেলনে নিত্যপণ্যের বাজার নিয়ন্ত্রণ, মাদকবিরোধী অভিযান অব্যাহত রাখা ও আইনশৃঙ্খলা পরিস্থিতি

---

দেশ-বিদেশে কয়লা বিদ্যুৎকেন্দ্র নির্মাণ

## পরিবেশবান্ধব প্রযুক্তিকেই গুরুত্ব দিচ্ছে চীন

পায়রায় হচ্ছে ১৩২০ মে.ও.

কয়লাভিত্তিক তাপ বিদ্যুৎকেন্দ্র নির্মাণে পরিবেশবান্ধব প্রযুক্তিকেই সর্বোচ্চ গুরুত্ব দিচ্ছে চীন। নিজ দেশের পাশাপাশি দেশের বাইরেও উন্নত প্রযুক্তির

---

## ফ্লোরিডায় বাংলাদেশি খুন

ফ্লোরিডায় বসবাসকারী আইয়ুব আলী নামে এক

হামলা করেছে। এর প্রতিবাদ করতে গিয়ে বিশ্ববিদ্যালয়ের সম্মানিত শিক্ষকরাও তাদেরা হামলা ও লাঞ্ছনার শিকার হয়। কিন্তু আশ্চর্যের বিষয়, ছাত্রলীগের হামলার বিচার চাইতে গেলে বিশ্ববিদ্যালয় প্রশাসন নিশ্চুপ। তারা কোন জবাব দিচ্ছে না। আমরা আমাদের প্রতিবাদ কর্মসূচি অব্যাহতভাবে পালন করব। এবার ছাত্রলীগ হামলা চালালেও আমরা দাঁড়াব। মানববন্ধনে তারা তিন দফা দাবি তুলে ধরেন। এগুলো হলোÑ গ্রেফতারকৃত কোটা সংস্কার আন্দোলনকারীদের নিঃশর্ত মুক্তি দিতে হবে, শিক্ষার্থীদের ওপর হামলাকারী ছাত্রলীগ নেতাকর্মীদের গ্রেফতার করে বিচারের আওতায় আনতে হবে এবং বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে শিক্ষক-শিক্ষার্থী সবার নিরাপত্তা নিশ্চিত করতে হবে।

মানববন্ধনে ছাত্রলীগের চলমান সহিংস কার্যকলাপ প্রসঙ্গে সমাজবিজ্ঞান বিভাগের শিক্ষার্থী নাহিদ ইসলাম বলেন, ছাত্রলীগ সরকারের ওপর মহলের কথায় শিক্ষক-শিক্ষার্থীদের ওপর হামলা করছে। এর বিচার চাইতে গেলে বিশ্ববিদ্যালয় প্রশাসন বলছে, শিক্ষার্থীরা সমাবেশ করতে অনুমতি নেয়নি কেন? আমরা কার কাছে বিচারের দাবি জানাব? এর বিচার করার কেউ নেই। আমরা আন্দোলনের মাধ্যমে এর প্রতিবাদ জানাব। আমাদের প্রতিবাদ কর্মসূচি অব্যাহত

বাংলাদেশি অভিবাসী দুর্বৃত্তের

## নারী জঙ্গিবাদ ঝুঁকিতে বাংলাদেশ

### শীর্ষ ৬ নারীসহ ২১ জঙ্গি গ্রেফতার

জঙ্গি তৎপরতায় নারীদের অংশগ্রহণ বাড়ছে। নিষিদ্ধ জঙ্গি সংগঠন জেএমবি, আনসারুল্লাহ বাংলা টিম, আনসার আল-ইসলামসহ জঙ্গি গ্রুপগুলোতে আত্মঘাতী

## ব্যাংকের স্বর্ণে অনিয়মের অভিযোগ সঠিক নয়

### অর্থ প্রতিমন্ত্রী

বাংলাদেশ ব্যাংকের স্বর্ণে অনিয়মের যে অভিযোগ উঠেছে সেটা পুরোপুরি সঠিক নয় বলে জানিয়েছেন অর্থ ও পরিকল্পনা প্রতিমন্ত্রী এমএ মান্নান। তিনি বলেন

না’গঞ্জে

## ব্যবসায়ী হত্যায় ৪ জনের মৃত্যুদণ্ড

নারায়ণগঞ্জ সদর উপজেলার ফতুল্লা থানার কাশিপুর এলাকায় ব্যবসায়ী আবদুল হালিম উদ্দিন হত্যা মামলার রায়ে ৪ আসামিকে মৃত্যুদণ্ড দিয়েছেন

থাকবে। তিনি বলেন, বিশ্ববিদ্যালয়ের ভিতরে এসে শিক্ষককে আঙ্গুল তুলে শাসাবে, এরকম ক্যাম্পাস তো আমরা চাই না। বিশ্ববিদ্যালয়ে শিক্ষক-শিক্ষার্থীরা স্বাধীনভাবে মত প্রকাশ করবে। এটা তাদের অধিকার।

ইতিহাস বিভাগের মানববন্ধন : কোটা সংস্কার আন্দোলনকারী ও ইতিহাস বিভাগের ছাত্র তানজির হোসেনকে মারধরের ঘটনার প্রতিবাদ জানিয়ে মানববন্ধন করেছে বিশ্ববিদ্যালয়ের ইতিহাস বিভাগের শিক্ষার্থীরা। গতকাল দুপুরে বিশ্ববিদ্যালয়ের অপরাজেয় বাংলার পাদদেশে এ মানববন্ধন অনুষ্ঠিত হয়। মানববন্ধনে বিভাগের শিক্ষক এমএ কাউসার বলেন, কোটা সংস্কার একটি যৌক্তিক আন্দোলন। পর্যায়ক্রমে কোটা কমিয়ে আনা প্রতিটি সরকারের দায়িত্ব ছিল। কিন্তু তারা তা না করে শিক্ষার্থীদের ওপর দমন নিপীড়ন চালাচ্ছে। অবিলম্বে শিক্ষার্থীদের দাবি মেনে নেয়ার আহ্বান জানান তিনি।

তানজির ইতিহাস বিভাগের মাস্টার্সের ছাত্র। সম্প্রতি কোটা সংস্কারের দাবিতে কেন্দ্রীয় শহীদ মিনারে আয়োজিত মানববন্ধনে অংশ নিলে ছাত্রলীগের নেতাকর্মীদের হাতে ব্যাপক মারধরের শিকার হন তিনি।